

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪০

আগরতলা, ৬ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

**২-ত্রিপুরা পূর্ব (এসটি) : সব মনোনয়নপত্র বৈধ**

আসন্ন লোকসভা নির্বাচনে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) লোকসভা আসনে প্রতিদ্বন্দ্বিতা করতে ৯ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছিলেন। গতকাল মনোনয়নপত্রগুলি পরীক্ষার পর সবগুলি মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত হয়েছে। এই লোকসভা আসনে যে ৯ জন প্রার্থীর মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত হয়েছে তারা হলেন ভারতীয় জনতা পার্টির কৃতি দেবী দেববর্মণ, ভারতের কমিউনিস্ট পার্টির (মার্কসবাদী) এর রাজেন্দ্র রিয়াং, ইন্ডিজেনাস ন্যাশনালিস্ট পার্টি অব তুইপা-এর শিবচন্দ্র দেববর্মা, নির্দল প্রার্থী অর্চনা উরাং, নির্দল প্রার্থী কল্প মোহন ত্রিপুরা, নির্দল প্রার্থী কৃষ্ণ মোহন জমাতিয়া, নির্দল প্রার্থী দর্শন কুমার রিয়াং, নির্দল প্রার্থী শত্রুঘ্ন জমাতিয়া এবং নির্দল প্রার্থী শান্তজয় ত্রিপুরা। রাজ্য নির্বাচন দপ্তর থেকে এই তথ্য জানানো হয়েছে।

\*\*\*\*\*